# নক্ষত্রের জন্য পংক্তিমালা

আহমেদ সাবের

শেষ কালে, সিন্ধুর টিপের দ্বীপ, নীলাঞ্জনা সমুদ্দুর ছাইড়া
কোনহানে বানাইলেন বসত বলেন সাহেব,
কোন গ্রহে, কতক আলোক বর্ষ ডিঙ্গাইয়া যাইতে হয়,
এই ছায়াপথে, কিম্বা ভিন্ন কোন ছায়াপথে -
দুয়ারে নক্ষত্র-যান ভিড়ে কি কখনো
জৌতির্ময় শূন্যের ভিতরে?

আসেন কি মাঝে মইধ্যে হেইনলিন; এহনো কি
লাইগা যায় ঝগড়া ফ্যাসাদ, বিদ্যার ক্যাচাল?
আসেন কি মহাজ্ঞানী আসিমভ, আছে কিনা তার কাছে
হাল ফ্যাশনের কোন রোবটের সুতত্ব-তালাশ?
আসেন কি বো-ম্যান, পুল, অথবা ফ্লয়েড -
স্পেস অডেসির সঙ্গী-সাথীরা;
হ্যালের মাথা আইজও কি বিগড়ায়, মাঝে-মইধ্যে?

সেরেনদিবের কথা এখনো কি পড়ে মনে আর্থার সাহেব,
যখন রাখেন পাও নক্ষত্রপুঞ্জ ইষ্টিশনে?
আশা আছে, তারকা শিশুর মত মহাশূন্যে ভাইসা ভাইসা
আবার আসবেন ফিরা আমাগো এই জরাগ্রস্ত দুনিয়ায়
শেষ অভিযাত্রার সাথী - তিন হাজার এক সনে।